


করোনাকালে গর্ভবতী ও প্রসূতি মায়ের সচেতনতা

গর্ভবতী মায়েরা স্বাভাবিক নিয়মে গর্ভকালীন চেকআপ, পরীক্ষা-নিরীক্ষা করাবেন এবং প্রসবসেবা পেতে হাসপাতালে যাবেন।



গর্ভবতীসহ বাড়ির সবাই যেকোনো কাজ করার পর বা বাইরে থেকে ফিরে সাবান দিয়ে ভালো করে (২০ সেকেন্ড যাবৎ) হাত ধোবেন।

গর্ভবতী মা প্রয়োজন না হলে ঘর থেকে বের হবেন না। ঘর থেকে বের হলে অবশ্যই মাস্ক ব্যবহার করবেন, অন্যদের থেকে (৩ ফুট) সামাজিক দূরত্ব বজায় রাখবেন ও পরিধেয় কাপড় সাবান দিয়ে ধুয়ে দিবেন।



গর্ভবতী ও বাড়ির সবাই হাঁচি-কাশির সময় টিস্যু বা রুমাল ব্যবহার করবেন অথবা কনুই ভাঁজ করে নাক-মুখ ঢেকে রাখবেন। ব্যবহৃত টিস্যু ঢাকনায়ুক্ত ডাস্টবিনে ফেলবেন এবং ব্যবহৃত রুমাল বা কাপড় সাবান দিয়ে ধুয়ে নেবেন।

গর্ভবতী মায়েরা করোনাভাইরাসে আক্রান্ত হতে পারেন। তবে গর্ভাবস্থায় বা প্রসবকালে মা থেকে গর্ভস্থ শিশুর এবং মায়ের বুকের দুধ খাওয়ানোর ফলে নবজাতকের করোনা সংক্রমণ হয় না।

ঘাবড়াবেন না, মা করোনা পজেটিভ হলেও বুকের দুধ খাওয়ানোর ফলে নবজাতকের কোনো ক্ষতি হবার প্রমাণ পাওয়া যায়নি।



স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচি, ব্র্যাক

